গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

কষ ৩৪০৪০৬০

৩০/০৬/২০২০

ড. মোঃ জহুরুল ইসলাম
সাধারণ সম্পাদক
বিপিএটিসি অফিসার্স ক্লাব

# চুক্তি নামা

মোঃ মনিরুজ্জামান মমিন
৩০/০৬/২০২০

১ম পক্ষ

১। ড. মোঃ জহরুল ইসলাম
সাধারণ সম্পাদক
অফিসার্স ক্লাব ও
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
বিপিএটিসি, সাভার, ঢাকা

২। মোঃ নাজিম উদ্দিন
কোষাধ্যক্ষ
সহকারী পরিচালক (এসটি এন্ড টিওটি)
বিপিএটিসি, সাভার, ঢাকা

২য় পক্ষ গ্রহিতা

১। জনাব মোঃ মনিরুজ্জামান (মমিন)
পিতা-মোঃ সরাফৎ আলী সিকদার
স্থায়ী ঠিকানা- গ্রামঃ বার আনী
পোঃ- ছেঙ্গার চর পৈওর এলাকা
থানা- মতলব (উত্তর)
জেলা- চাঁদপুর এবং
প্রোপাইটর, ওয়াল্ড মিডিয়া ক্যাবল কানেকশন,
অস্থায়ী ঠিকানা- ৫০১/১, সাইদ মন্জিল, দিলকুশাবাগ, ঢাকা-১৩৪০।

**চুক্তির শর্তাবলী:**

০১। ডিস সংযোগের ক্ষেত্রে কন্ট্রোল রুমের আনুষঙ্গিক ডিভাইস (রাইডার সুইচ, র‍্যাক, ক্যাবল ম্যানেজার, মডিউলার, তার ও কানেকটার ইত্যাদি) সার্ভারসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি ২য় পক্ষ (ওয়াল্ড মিডিয়া) স্থাপন করবে এবং কোন অর্থ দাবী (সংযোগ ফি ছাড়া) করতে পারবে না।

০২। ডিস লাইনের জন্য ~~দ্বিতীয়~~ প্রথম পক্ষকে প্রতি মাসে ৬,০০০/- (ছয় হাজার টাকা) ক্লাব স্পেস ভাড়া এবং বৈদ্যুতিক বিল ৩,০০০/- (তিন হাজার টাকা) করে মোট ৯,০০০/- (নয় হাজার টাকা) জমা দিবেন যা বছরে ১,০৮,০০০/- (এক লক্ষ আট হাজার টাকা) পরিশোধ করতে বাধ্য থাকবেন।

০৩। দ্বিতীয় পক্ষ (ওয়াল্ড মিডিয়া) বিপিএটিসি'তে ডিস সংযোগকালে ৬০ টি পে চ্যানেল সহ ১০০ টি চ্যানেল বিপিএটিসিতে সংযোগ প্রবাহের ক্ষেত্রে এর সংযোগ প্রদান করবে এবং প্রতিটি চ্যানেলের শব্দ ও ছবি স্পষ্ট ও নিখুত হতে হবে। চ্যানেল সিলেকশন এর কর্তৃত্ব বিপিএটিসি ক্লাবের হাতে ন্যস্ত থাকবে। সরকারের বিদ্যমান নীতিমালা অনুসরণ করতে হবে।

০৪। বিপিএটিসিতে ডিস সংযোগের জন্য নিম্নবর্ণিত হারে প্রতিটি গ্রাহক প্রতি মাসিক ভাড়া নির্ধারিত হল:

(ক) অফিস ও অফিস এলাকায় সংযোগ ৩০০/-
(খ) কর্মকর্তা ২৫০/-
(গ) তৃতীয় শ্রেণী কর্মচারী ২০০/-
(ঘ) চতুর্থ শ্রেণী কর্মচারী ১৫০/-

"শুদ্ধাচারের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

খখ ৪৩৫৪৮৫

ড. মোঃ জহুরুল ইসলাম
সাধারণ সম্পাদক
বিপিএটিসি অফিসার্স ক্লাব

মোঃ মতিউর রহমান

০৫। বিপিএটিসি'র অভ্যন্তরে নতুন সংযোগ গ্রহণের জন্য কর্মকর্তা /কর্মচারীদের নিকট হতে ১,০০০/- (এক হাজার) হারে ও অফিস এলাকায় নতুন সংযোগ ফি ২০০০/- (দুই হাজার টাকা) গ্রহণ করবে। তবে, বিশেষ ক্ষেত্রে অতিরিক্ত ফি এর প্রয়োজন হলে বিপিএটিসি অফিস কর্তৃক লিখিত নির্দেশনার ভিত্তিতে তা নির্ধারিত হবে।

০৬। ডিস সংযোগ গ্রহিতাকে প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে সংযোগ ভাড়া পরিশোধ করতে হবে।

০৭। কোন গ্রাহক যদি একাধারে ০৬ (ছয়) মাসের অধিক ডিস সংযোগ বিচ্ছিন্ন রাখেন তবে উক্ত গ্রাহককে একমাসের সংযোগ ভাড়া জরিমানা প্রদানপূর্বক সংযোগ লাইন গ্রহণ করতে হবে।

০৮। বিপিএটিসি'র অভ্যন্তরে ডিস এন্টিনার সুষ্ঠু রক্ষণাবেক্ষণ কাজের জন্য ওয়ার্ল্ড মিডিয়ার দুইজন কর্মচারীকে অফিস/ রুমে সীট প্রদান করতে হবে। উক্ত রক্ষণাবেক্ষণের দায়িত্বে নিয়োজিত কর্মচারী প্রতিদিন আবশ্যিকভাবে সার্বক্ষণিক সেবার জন্য কেন্দ্রে অবস্থান করবে (বিপিএটিসি কর্তৃক নির্ধারিত স্থানে) । তবে উক্ত রক্ষণাবেক্ষণকারীর জন্য কোন বেতন/ভাতাদি বিপিএটি অফিসার্স ক্লাব (প্রথম পক্ষ) প্রদান করবে না।

০৯। কোন কারণে যেমন- প্রাকৃতিক দূর্যোগ,ঝড়, বজ্রপাত, ক্যাবল সংযোগ জনিত সমস্যায় ডিস প্রদর্শন ব্যহত হলে ওয়াল্ড মিডিয়া (দ্বিতীয় পক্ষ) নিজ দায়িত্বে সম্ভাব্য স্বল্প সময়ে (সর্বোচ্চ ৪৮ ঘন্টার মধ্যে) সংযোগ পুনঃস্থাপনের ব্যবস্থা গ্রহণ করবেন।

১০। একাধারে ০৫ (পাঁচ) দিনের বেশী ডিস সংযোগ প্রবাহ ব্যহত হলে মাসিক ভাড়ার সাথে আনুপাতিক হারে গ্রাহক সংযোগ ভাড়া কর্তন করা হবে।

১১। এই চুক্তি ০৫ (পাঁচ ) বৎসর পর্যন্ত বলবৎ থাকবে। এই চুক্তি স্বাক্ষরের পর থেকে (দুই) বছর দ্বিতীয় পক্ষ (ওয়ার্ল্ড মিডিয়া) বিপিএটিসি'কে ক্যাবল সংযোগ প্রদানে বাধ্য থাকবে। উক্ত সময় কালের মধ্যে ওয়ার্ল্ড মিডিয়ার নিজস্ব কিংবা অনাকাংখিত কোন কারণে বিপিএটিসি'তে ডিস সংযোগ প্রদানে অক্ষম হলে দ্বিতীয় পক্ষ বিপিএটিসি অফিসার্স ক্লাবের কর্তৃপক্ষের সাথে (প্রথম পক্ষ) আলোচনা সাপেক্ষে যথাপোযুক্ত ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবে

১২। ডিস সংযোগের বিষয়ে যেকোন উদ্ভূত পরিস্থিতিতে ০৩ (তিন) মাসের নোটিশে অন্যত্র চলে যাওয়ার ক্ষেত্রে ওয়ার্ল্ড মিডিয়া কর্তৃপক্ষ বিপিএটিসি অফিসার্স ক্লাব কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে সমস্যার সমাধানে সচেষ্ট হবেন। কোন বিষয়ে মতানৈক্য দেখা দিলে উভয় পক্ষের মধ্যে আলোচনা সাপেক্ষে মতানৈক্যের নিরসন করা হবে।

১৩। দ্বিতীয় পক্ষ প্রতি ০৩(তিন) মাস পরপর ডিস লাইন ব্যবহার সংক্রান্ত তথ্য (সংযোগ সংখ্যা ও রেট ইত্যাদি ) প্রতিবেদন আকারে অফিসার্স ক্লাবকে জানাবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

কষ ৩৪০৪০৬

ড. মোঃ জহুরুল ইসলাম
সাধারণ সম্পাদক
বিপিএটিসি অফিসার্স ক্লাব

ওয়াল্ড মিডিয়া ক্যাবল কানেকশন
মোঃ মাইনউদ্দিন সিকদার
৩০/০৬/২০২০
কর্তৃপক্ষ

১৪। বর্তমানে ডিজিটাল-এ/সেট টপ বক্স এর মাধ্যমে ২০৬ টা চ্যানেল সম্প্রসারণ করা হচ্ছে। এখন হইতে যে কোন গ্রাহক সেট টপ বক্স সংগ্রহ করিতে পারিবেন তবে এর মূল্য ৩৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা।

১৫। সেট টপ বক্স ব্যবহারকারী গ্রাহকগণ এর মাসিক ভাড়া বর্তমানে ৩০০/- (তিনশত) টাকা নির্ধারণ করা আছে। পরবর্তীতে সরকারী ভ্যাট-ট্যাক্স, পে চ্যানেলের বৃদ্ধি ও তার মূল্যা বৃদ্ধির কারণে মাসিক ভাড়া বাড়ানো হবে তবে উভয় পক্ষের আলোচনার মাধ্যমে নির্ধারণ করা হবে।

১৬। সরকার কর্তৃক এনালগ এবং ডিজিটাল নেটওয়ার্ক এর ক্ষেত্রে কোন নির্দেশনা থাকিলে/ আসিলে উভয় পক্ষ তাহা মানতে বাধ্য থাকিবে।

| স্বাক্ষীগণের স্বাক্ষর | ১ম পক্ষ | ২য় পক্ষ |
|---|---|---|
| | ৩০/০৬/২০২০<br>ড. মোঃ জহুরুল ইসলাম<br>সাধারণ সম্পাদক<br>বিপিএটিসি অফিসার্স ক্লাব | ওয়াল্ড মিডিয়া ক্যাবল কানেকশন<br>মোঃ মাইনউদ্দিন সিকদার<br>৩০/০৬/২০২০<br>কর্তৃপক্ষ |
| | | |
| মোঃ মাইনউদ্দিন সিকদার<br>মোঃ মাইন উদ্দিন সিকদার<br>ব্যবস্থাপনা পরিচালক<br>ওয়াল্ড মিডিয়া ক্যাবল কানেকশন<br>সাভার,ঢাকা। | | |